

আমাদের শিক্ষার মান অনেক নিচে : শিক্ষামন্ত্রী

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের
কার্যক্রম শিগগিরই শুরু

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আমাদের শিক্ষার মান কমেনি। কিন্তু যা বাড়ার উচিত, ভগতের যে মান, সেখান থেকে আমরা অনেক নিচে আছি। কিন্তু আমাদের মান অব্যাহতভাবে বাড়ছে। হয়তো কম বাড়ছে। এটা রাতারাতি বাড়ার বিষয়ও নয়। শিক্ষার ভগত মান বাড়ানোই এখন আমাদের বড় চ্যালেঞ্জ।

গতকাল শনিবার রাজধানীর মোহাম্মদপুরে শারীরিক শিক্ষা কলেজে বাংলাদেশ শারীরিক শিক্ষাবিদ সমিতির ত্রিবার্ষিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'অনেকেই আমাদের শিক্ষার মান নিয়ে নানা কথা বলেন। কিন্তু তাঁরা বলেন না, আমাদের যারা শিক্ষক, অঙ্কে তাঁরা ভালো করে দক্ষতা অর্জন করেন। আরো ভালো করে পড়ান, আরো ভালো করে শেখান। তাহলেই তো আমাদের শিক্ষার্থীরা আরো ভালোভাবে শিখবে। আর শিক্ষার্থীদেরও শুধু সার্টিফিকেট নিয়ে পাস করলেই হবে না, জ্ঞানচর্চার পাশাপাশি গবেষণামূলক কাজে আরো বেশি মনোযোগী হতে হবে।'

মন্ত্রী বলেন, 'খেলার মাঠ ও খোলা জায়গার অভাবে শিশু-কিশোররা আগের মতো খেলাধুলার সুযোগ পান্বে না। শহর অঞ্চলে এ সমস্যা আরো প্রকট। টেলিভিশন আর কম্পিউটার শিশুদের ঘরে আবদ্ধ করে ফেলেছে। ফলে জটিল হ্রাস সমস্যা ছাড়াও নানাবিধ সামাজিক সমস্যা দেখা দিচ্ছে।' অনুষ্ঠানে শারীরিক শিক্ষাবিদ মো. খায়রুল ইসলাম খানের হাতে সম্মাননা তুলে দেন শিক্ষামন্ত্রী। সমিতির সভাপতি আজগর খানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু বকর ছিদ্দিকসহ অনেকে।

ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু শিগগিরই : এদিকে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দেশের আলেম সমাজের বহুল প্রত্যাশিত ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শিগগিরই শুরু হতে যাচ্ছে।